বিদ্যুৎ ও জ্বালানি
নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
(বিসিএমসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'নৈতিকতা কমিটি'-এর তৃতীয় প্রান্তিকের সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সাইফুল ইসলাম সরকার<br>ব্যবস্থাপনা পরিচালক ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি |
| সভার তারিখ | ০৯ ফেব্রুয়ারি ২০২৩ |
| সভার সময় | বিকাল ০৩:০০ টা |
| স্থান | কোম্পানির প্রধান কার্যালয়ের বোর্ড রুম |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

**২.০। আলোচনা:**

২.১। সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এর নির্দেশনা অনুযায়ী বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ২য় ত্রৈমাসিক (অক্টোবর ২০২২ - ডিসেম্বর ২০২২) বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন যথাযথ প্রমাণকসহ যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ এবং কোম্পানির ওয়েবসাইটে আপলোড করা হয়। পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের ২য় ত্রৈমাসিকের অক্টোবর ২০২২ - ডিসেম্বর ২০২২) পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক সভা পরিচালক (প্রশাসন) ও সভাপতি, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা-এর সভাপতিত্বে গত ২৫ জানুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। বিসিএমসিএল-এর প্রেরিত প্রতিবেদন মূল্যায়নের সারসংক্ষেপ নিম্নরূপ:

"৩.১। ক্রমিকে লক্ষ্যমাত্রা বাস্তবায়নের প্রমাণকে সেবার বিবরণ ও গৃহীত ব্যবস্থা রেজিস্টারে লিখে সেবা গ্রহীতার শুধু স্বাক্ষর নেয়া হয়েছে। রেজিস্টারে সেবা গ্রহীতার লিখিত মতামত সংরক্ষণ করতে হবে।

অন্যান্য বিষয় সন্তোষজনক। লক্ষ্যমাত্রা অর্জনের সঠিক প্রমাণক পাওয়া গেছে।"

সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণের পাশাপাশি সেবা গ্রহীতার মতামতও সংরক্ষণ করার জন্য পেট্রোবাংলার নৈতিকতা কমিটি কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে।

২.২। অতঃপর সভায় বিসিএমসিএল-এর ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টারের

(জানুয়ারি ২০২৩ - মার্চ ২০২৩) লক্ষ্যমাত্রাসমূহ সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা করা হয়। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ অনুযায়ী ৩য় কোয়ার্টারে বাস্তবায়নযোগ্য লক্ষ্যমাত্রাসমূহ নিম্নরূপ:

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২০২৩ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|---|
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা……………………………………..** | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | আহ্বায়ক, নৈতিকতা কমিটি | ৪ | ১ |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৪ | % | সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক | ১০০ | ১০০ |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণেসভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | ২য় কোয়ার্টার: মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>৪র্থ কোয়ার্টার: মহাব্যবস্থাপক (মাইন অপারেশন) | ৪ | ১ |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা | মহাব্যবস্থাপক (প্রশাসন) | ৩ | ১ |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম………………** | | | | | | |
| ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | রেজিস্টার হালনাগাদকৃত | ৮ | % | সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক | ৬০ | ৬০ |
| ৩.৪ বিলের অর্থ (২৫ লক্ষ টাকার নিচের) সরাসরি ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরণ | বিলের অর্থ সরাসরি ব্যাংক একাউন্টে প্রেরিত | ৮ | % | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) এবং সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক | ৪০ | ৪০ |

২.৩। সভাকে অবহিত করা হয় যে, বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ক্রমিক ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ০১ টি সভা গত ১৫ জানুয়ারি ২০২৩ তারিখে আয়োজন করা হয়েছে।

২.৪। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ক্রমিক ১.৪ অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের জন্য শুদ্ধাচার সংক্রান্ত ১টি প্রশিক্ষণ ৩য় কোয়ার্টারে আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। সে অনুযায়ী মার্চ ২০২৩ মাসের মধ্যে প্রশাসন বিভাগ কর্তৃক উক্ত প্রশিক্ষণটি আয়োজন করতে হবে।

২.৫। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ক্রমিক ৩.১ অনুযায়ী সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত ৬০% সংরক্ষণ করা এবং ক্রমিক ৩.৪ অনুযায়ী ৪০% বিলের অর্থ (২৫ লক্ষ টাকার নিচের) সরাসরি ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরণের বিষয়টি নিশ্চিত করার প্রয়োজনীয়তার প্রতি সভায় গুরুত্বারোপ করা হয়। কোম্পানির বিভিন্ন বিভাগ/ডিপার্টমেন্ট হতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ২য় ত্রৈমাসিক (অক্টোবর ২০২২ - ডিসেম্বর ২০২২) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের সঙ্গে প্রেরিত সেবা প্রদান সংক্রান্ত রেজিস্টারের ফটোকপি পর্যবেক্ষণে পাওয়া যায় যে, রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার সাক্ষর থাকলেও সেবা গ্রহীতার মতামত সকল ক্ষেত্রে লিপিবদ্ধ করা হচ্ছে না। এ বিষয়টি নিশ্চিত করার জন্য কোম্পানির প্রশাসন বিভাগ কর্তৃক একটি বিজ্ঞপ্তি জারি করা যেতে পারে বলে সভা একমত পোষণ করে।

২.৬। সভায় উল্লেখ করা হয় যে, শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকার শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ প্রণয়ন করা হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী বিসিএমসিএল-এর কর্মকর্তা-কর্মচারীদেরকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে বাছাই কমিটি গঠন/পুনর্গঠন করা প্রয়োজন। উক্ত কমিটি শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এ বর্ণিত পুরস্কার প্রাপ্তির যোগ্যতা ও মূল্যায়ন পদ্ধতি অনুসরণ করে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য বিসিএমসিএল-এর গ্রেড-২ হতে গ্রেড-৯, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ও গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত একজন করে মোট ৩ জন উপযুক্ত কর্মচারী নির্বাচন করবে।

২.৭। সভায় উল্লেখ করা হয় যে, কোম্পানির অভ্যন্তরীণ প্রশিক্ষণে কতিপয় কর্মকর্তা-কর্মচারী বিলম্বে উপস্থিত হন, অফিস শৃঙ্খলার পরিপন্থি। এছাড়া, এতে করে প্রশিক্ষণ কাজে ব্যাঘাত সৃষ্টি হয়। সুষ্ঠুভাবে প্রশিক্ষণ পরিচালনার স্বার্থে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য মনোনীত কর্মকর্তা-কর্মচারীগণকে যথাসময়ে প্রশিক্ষণস্থলে উপস্থিত হওয়ার জন্য কোম্পানির প্রশাসন বিভাগের মাধ্যমে একটি বিজ্ঞপ্তি জারির মাধ্যমে নির্দেশনা প্রদান করা যেতে পারে মর্মে সভা একমত পোষণ করে।

**৩.০। সিদ্ধান্ত:**

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ক্রমিক ১.৪ অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের জন্য শুদ্ধাচার সংক্রান্ত ১টি প্রশিক্ষণ ৩য় কোয়ার্টারে আয়োজন করতে হবে।

**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিএমসিএল।

৩.২। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ক্রমিক ৩.১ অনুযায়ী সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণের পাশাপাশি সেবাগ্রহীতার মতামত সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করার জন্য প্রশাসন বিভাগ হতে একটি বিজ্ঞপ্তি জারি করতে হবে।

**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিএমসিএল।

৩.৩। বিসিএমসিএল-এর কর্মকর্তা-কর্মচারীগণকে শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে "শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১" অনুসরণে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটি গঠন/পুনর্গঠন করতে হবে।

**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিএমসিএল।

৩.৪। কোম্পানির অভ্যন্তরীণ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য মনোনীত কর্মকর্তা-কর্মচারীগণকে যথাসময়ে প্রশিক্ষণস্থলে উপস্থিত হওয়ার জন্য নির্দেশনা প্রদানের নিমিত্ত কোম্পানির প্রশাসন বিভাগ একটি বিজ্ঞপ্তি জারি করবে।

**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিএমসিএল।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ সাইফুল ইসলাম সরকার
ব্যবস্থাপনা পরিচালক ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি

স্মারক নম্বর: ২৮.১২.০০০০.২২১.৮৪.০০১.২২.৩৯

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৯
২৩ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক, প্লানিং এন্ড এক্সপ্লোরেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
২) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), সারফেস অপারেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৩) মহাব্যবস্থাপক, অর্থ ও হিসাব বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৪) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), কোম্পানি সচিবালয় বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৫) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), প্রশাসন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৬) উপ-মহাব্যবস্থাপক (মার্কেটিং এন্ড সেলস) ও মার্কেটিং বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৭) উপ-মহাব্যবস্থাপক (মাইন প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট) ও মাইন অপারেশন বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৮) উপ-মহাব্যবস্থাপক, ইলেকট্রো-মেকানিক্যাল ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৯) উপ-মহাব্যবস্থাপক, সিভিল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
১০) উপ-মহাব্যবস্থাপক, স্টোর ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
১১) উপ-মহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
১২) উপ-মহাব্যবস্থাপক, আইসিটি ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-কার্যবিবরণীটি কোম্পানির ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ
১৩) উপ-মহাব্যবস্থাপক, পেরোল এন্ড বিল ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
১৪) উপ-মহাব্যবস্থাপক, অডিট ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

মোঃ জাহিদ আনোয়ার
ব্যবস্থাপক (আর.টি.এল.আর) এবং সদস্য-
সচিব ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি